দৈনিক ইত্তেফাক

তারিখ 26 AUG 1993
পৃষ্ঠা ... ৭২ ... কলাম ... ৭ ...

।৩।

# প্রাথমিক শিক্ষক নিয়োগের দাবীতে বান্দরবানে ছাত্রদের মিছিল

বান্দরবান সংবাদদাতা ।। জেলায় ১০৩টি প্রাথমিক শিক্ষকের পদ পুরণ এবং অবলুপ্ত ১২টি সরকারী প্রাথমিক বিদ্যালয় চালু করার দাবীতে গতকাল বুধবার জেলা ছাত্র ইউনিয়নের উদ্যোগে সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীরা ক্লাস বর্জন করিয়া শহরে মিছিল করে। পরে তাহারা ডিসি এবং শিক্ষা অফিসে স্মারকলিপি প্রদান করে। সন্ধ্যায় সংসদ সদস্য বীর বাহাদুর প্রেস ক্লাবে সাংবাদিকদের জানান, বান্দরবান স্থানীয় সরকার পরিষদে প্রাথমিক শিক্ষা হস্তান্তর হইলেও সরকারী সিদ্ধান্তের জটিলতার কারণে ৪ বছর যাবৎ প্রাথমিক শিক্ষক নিয়োগ বন্ধ রহিয়াছে। এবং জেলার শতাধিক প্রাইমারী স্কুলে মাত্র একজন করিয়া শিক্ষক রহিয়াছেন।